NEW YORK STATE OF OPPORTUNITY. | Department of Health

KATHY HOCHUL
Governor

MARY T. BASSETT, M.D., M.P.H.
Commissioner

KRISTIN M. PROUD
Acting Executive Deputy Commissioner

Local Departments of Social Services (LDSS) অথবা New York City Human Resources Administration (HRA) মাধ্যমে তালিকাভুক্ত হয়েছেন এমন নিউ ইয়র্কারদের জন্য, কোভিড-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির সমাপ্তিতে Medicaid বিমা সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নসমূহ

জুলাই 8, 2022

U.S. Department of Health & Human Services (HHS) COVID-19 অতিমারির কারণে 2020 সালের মার্চ থেকে মার্কিন যুক্তরাষ্ট্রকে জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির অধীন হিসাবে ঘোষণা করেছিল। জনস্বাস্থ্যের ক্ষেত্রে আপৎকালীন পরিস্থিতি বহাল থাকা অবস্থায়, আপনাকে প্রতি বছর আপনার বীমা পুনর্নবীকরণ না করেই, Medicaid-এ লোকেদের নথিভুক্ত রাখার জন্য নিউ ইয়র্ক স্টেটকে অনুমতি দেওয়া হয়েছে। তবে, জনস্বাস্থ্যের ক্ষেত্রে আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হওয়ার পরে, আপনার Medicaid বিমা বজায় রাখার জন্য আপনাকে আবশ্যিকভাবে নবীকরণ করাতে হবে। এখানে কিছু তথ্য দেওয়া হল যেগুলি, COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হওয়ার পরে Medicaid বিমা পুনর্নবীকরণ করার অথবা আবেদন করার বিষয়ে আপনার থাকতে পারে এমন প্রশ্নগুলির উত্তর পেতে সাহায্য করবে।

1. জনস্বাস্থ্য জরুরি অবস্থা কবে শেষ হবে?

Health & Human Services (HHS) COVID-19 অতিমারির কারণে 2020 সালের শুরু থেকে মার্কিন যুক্তরাষ্ট্রকে জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির (Public Health Emergency, PHE) অধীন হিসাবে ঘোষণা করেছিল। এই সময়ে, আমরা জানি না COVID-19 PHE কখন শেষ হবে, তবে যখন আপনাকে ফিরে আসতে হবে এবং পদক্ষেপ নিতে হবে তখন আমরা আপনার সাথে যোগাযোগ করব।

2. এই পরিবর্তনের জন্য আমি কী করতে পারি?

নিশ্চিত করুন যে আপনার ঠিকানা, ফোন নম্বর এবং অন্যান্য যোগাযোগের তথ্য আপনার Local Departments of Social Services (LDSS) অথবা New York City Human Resources Administration (HRA) এর সাথে আপ টু ডেট করা রয়েছে। যদি এই তথ্যগুলির মধ্যে কোনটির পরিবর্তন ঘটে থাকে অথবা সেটি আপ টু ডেট আছে কিনা সেই বিষয়ে আপনি নিশ্চিত না থাকেন, তাহলে আপনার LDSS অথবা HRA এর সঙ্গে যোগাযোগ করুন। তাদের কাছে আপনার সঠিক ডাক ঠিকানা না থাকলে, আপনি আপনার Medicaid সংক্রান্ত চিঠিপত্রগুলি নাও পেতে পারেন, যার অর্থ হল আপনি আপনার Medicaid বিমা হারাতে পারেন।

3. আমি কীভাবে জানব, আমার Medicaid পুনর্নবীকরণ করানোর সময় কখন?

COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হওয়ার পরে যখন আপনার পুনর্নবীকরণের সময় হবে, তখন LDSS অথবা HRA আপনার কাছে একটি Medicaid পুনর্নবীকরণ-সংক্রান্ত প্যাকেজ পাঠাবে।

4. **COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হলে, আমার Medicaid বিমা রাখার জন্য আমাকে কী করতে হবে?**

যখন ফেডারেল COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হবে, তখন Medicaid পুনর্নবীকরণ-সংক্রান্ত নিয়মগুলি পরিবর্তিত হবে। এর অর্থ হল, আপনি যেমন জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির পূর্বে করেছিলেন তেমনি আপনাকে প্রতি বছর আপনার Medicaid পুনর্নবীকরণ করতে হবে। যখন আপনার পুনর্নবীকরণ করার সময় হবে, তখন LDSS অথবা HRA আপনাকে ডাকযোগে একটি Medicaid পুনর্নবীকরণ-সংক্রান্ত প্যাকেজ পাঠাবে। আপনার Medicaid বিমা পুনর্নবীকরণ করানোর জন্য, আপনার ফর্মে তালিকাভুক্ত তারিখের মধ্যে আপনার পুনর্নবীকরণ ফর্মটি কীভাবে পূরণ করতে হবে এবং জমা দিতে হবে তার নির্দেশাবলী আপনাকে অবশ্যই অনুসরণ করতে হবে। যদি আপনি আপনার পুনর্নবীকরণের ফর্মটির উপর থাকা তারিখের মধ্যে আপনার LDSS অথবা HRA এর কাছে ফর্মটি ফেরত না পাঠান, তাহলে আপনি আপনার Medicaid বিমা হারাতে পারেন।

5. **আমি আমারে Medicaid আবেদনপত্র অথবা পুনর্নবীকরণের প্যাকেজ জমা দেওয়ার পরে, আমার আবেদনপত্রে অথবা পুনর্নবীকরণের ফর্মে তথ্য অনুপস্থিত রয়েছে, এই মর্মে আমি আমার LDSS অথবা HRA এর থেকে একটি চিঠি, টেলিফোন কল, অথবা ই-মেল পেয়েছি। আমি কী করব?**

যত শীঘ্র সম্ভব অনুপস্থিত তথ্যগুলি প্রদান করুন। আপনার LDSS অথবা HRA, 10 দিনের নির্দিষ্ট তারিখ সহ, অনুপস্থিত তথ্যের জন্য একটি লিখিত অনুরোধ পাঠাবে। লিখিত অনুরোধটি আপনাকে জানাবে যে কীভাবে আপনি বাদ যাওয়া তথ্যটি দিতে পারেন। আপনার LDSS অথবা HRA চিঠি, টেলিফোন কল, অথবা ই-মেলের দ্বারা আপনার, আপনার অনুমোদিত প্রতিনিধির অথবা আপনার হয়ে যে ব্যক্তিটি আবেদনপত্র জমা দিয়েছিলে তাঁর সঙ্গে যোগাযোগ করার প্রয়াসের দ্বারা আপনার সাথে ফলো-আপ করবে। **যদি আপনি অনুপস্থিত তথ্য প্রদান না করেন, তাহলে আপনি আপনার Medicaid বিমা হারাতে পারেন অথবা আপনার আবেদনটি অগ্রাহ্য করা হতে পারে।**

6. **COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হলে গেলে আমাকে কি আমার LDSS অথবা HRA এর কাছে আমার আবেদনপত্রের অথবা পুনর্নবীকরণের সঙ্গে আয় এবং সংস্থানগুলির প্রমাণ দিতে হবে?**

আপনার LDSS অথবা HRA, আপনার আবেদনপত্রে অথবা পুনর্নবীকরণের ফর্মে আপনার আয় এবং সংস্থানগুলি নথিভুক্ত করার জন্য প্রয়োজনীয় প্রমাণের বিষয়ে আপনাকে অবহিত করবে। যদি LDSS অথবা HRA এর অতিরিক্ত প্রমাণের প্রয়োজন হয়, তাহলে আপনাকে আর কোন অতিরিক্ত নথিপত্র জমা দিতে হবে সেটি জানিয়ে আপনি একটি বিজ্ঞপ্তি পাবেন। আপনাকে অবিলম্বে উত্তর দিতে হবে। যদি আপনার প্রয়োজনীয় নথিপত্রগুলি পেতে সমস্যা হয়, তাহলে আপনাকে LDSS অথবা HRA কে অবিলম্বে জানাতে হবে। আপনি https://health.ny.gov/health_care/medicaid/ldss.htm -এ আপনার LDSS এবং HRA এর জন্য ফোন নম্বর এবং ঠিকানা পেতে পারেন।

7. **আমি বিগত দুই বছর অথবা সেই রকম একটি সময়ের মধ্যে জায়গা বদল করেছি এবং একটি নতুন ঠিকানা আছে, অথবা আমার শীঘ্রই জায়গা বদল করার পরিকল্পনা আছে। কীভাবে আমি আমার LDSS অথবা HRA কে আমার নতুন ঠিকানা জানাব?**

এটা খুবই গুরুত্বপূর্ণ যে আপনি এখনই আপনার নতুন ঠিকানা, ফোন নম্বর এবং অন্যান্য যোগাযোগের তথ্য আপনার LDSS বা HRA-কে অবহিত করুন। তাদের কাছে আপনার সঠিক ডাক ঠিকানা না থাকলে, আপনি আপনার Medicaid সংক্রান্ত চিঠিপত্রগুলি নাও পেতে পারেন, যার অর্থ হল আপনি আপনার Medicaid বিমা হারাতে পারেন। আপনি https://health.ny.gov/health_care/medicaid/ldss.htm -এ আপনার LDSS এবং HRA এর জন্য ফোন নম্বর এবং ঠিকানা পেতে পারেন।

8. **আমি আমার Medicaid পরিকল্পনায় আমার নতুন ঠিকানা দিয়েছিলাম। তাহলেও কি আমাকে আমার LDSS এবং HRA কে সেটি দিতে হবে?**

হ্যাঁ। আপনার Medicaid কেস যেন বন্ধ না হয়ে যায় তা নিশ্চিত করার জন্য, আপনার নতুন ঠিকানা সম্পর্কে আপনার LDSS বা HRA কে অবহিত করাও খুবই গুরুত্বপূর্ণ। আপনি https://health.ny.gov/health_care/medicaid/ldss.htm -এ আপনার LDSS এবং HRA এর জন্য ফোন নম্বর এবং ঠিকানা পেতে পারেন।

9. **আমি Medicaid এক্সেস-ইনকাম (স্পেন্ডডাউন) (Medicaid Excess-Income) অথবা পে-ইন কার্যক্রমের (Pay-In Program) সদস্য COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হওয়ার পরে, আমাকে কি একটি বিল অথবা পেমেন্ট জমা দিতে হবে?**

আপনাকে, Medicaid এক্সেস ইনকাম (স্পেন্ডডাউন) অথবা পে-ইন কার্যক্রমের জন্য আপনার দায়িত্ব পালনের উদ্দেশ্যে, আবশ্যিকভাবে আপনার LDSS অথবা HRA (অথবা আপনার নিয়ন্ত্রিত পরিচর্যা পরিকল্পনা (Managed Long Term Care Plan)) এর কাছে আপনার বিল অথবা পে-ইন জমা দেওয়া প্রচলিত রাখতে হবে। কিছু ব্যক্তিকে সাময়িকভাবে তাঁদের স্পেন্ডডাউন পূরণ করতে হয়নি যদি তাঁরা, COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পর্কিত একটি কারণবসত (যেমন আপনাকে বিচ্ছিন্ন অবস্থায় রাখা হয়েছিল) তাঁদের LDSS অথবা HRA এর কাছে বিলগুলি প্রদান করতে অথবা পে-ইন করতে অক্ষম হয়ে থাকেন। যদি আপনার ক্ষেত্রে এটি ঘটে থাকে এবং আপনি এখনও পর্যন্ত আপনার দায়িত্ব পালন না করেন, একবার COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হবে, আপনাকে আপনার নিয়ন্ত্রিত পরিচর্যা পরিকল্পনা অথবা পে-ইন কার্যক্রমের জন্য আপনার মাসিক দায়িত্বগুলির পালনের উদ্দেশ্যে আপনার LDSS অথবা HRA এর নিকট বিল জমা দেওয়া অথবা অর্থ প্রদান করা পুনরায় শুরু করতে হবে। আপনি আপনার মামলাটির বিষয়ে যেকোনো প্রশ্নসহ তাদের সঙ্গে যোগাযোগও করতে পারেন।

10. **আমি, COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির সময়ে, আমার Medicaid যোগ্যতা অথবা স্থিতির বিষয়ে একটি ন্যায্য শুনানির জন্য অনুরোধ জানিয়েছিলাম এবং আমাকে *প্রচলিত রাখার জন্য সহায়তা (Aid to Continue)* মঞ্জুর করা হয়েছিল। কীভাবে সেটি আমার Medicaid বিমাকে প্রভাবিত করে?**

যদি আপনার Medicaid, 18ই মার্চ, 2020 তারিখে অথবা তারপরে প্রচলিত রাখার জন্য সহায়তা স্থিতি থেকে থাকে, তাহলে আপনার Medicaid যোগ্যতা একই পরিমাণ বিমার সাহায্যে বজায় রাখা হয়েছে কারণ তার পর থেকে, COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির সময়ে বিমা হ্রাস অথবা বন্ধ করা হয়নি। একবার COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি শেষ হয়ে গেলে, আপনার ন্যায্য শুনানির অনুরোধের

বিষয়ে আপনার সঙ্গে যোগাযোগ করা হবে। আপনার Medicaid বিমা, প্রচলিত রাখার জন্য সহায়তা স্থিতিতে প্রচলিত থাকবে এবং আপনার ন্যায্য শুনানির অনুরোধের মোকাবিলা হওয়া পর্যন্ত হ্রাস অথবা বন্ধ করা হবে না। যদি আপনার, আপনার ন্যায্য শুনানি সম্পর্কে কোন প্রশ্ন থাকে, তাহলে আপনার LDSS এর সঙ্গে অথবা আপনার ন্যায্য শুনানির বিজ্ঞপ্তিতে তালিকাকৃত, প্রশাসনিক শুনানিসমূহের কার্যালয়ের ফোন নম্বরে কল করুন।

11. আমি প্রতিবন্ধকতাসহ কর্মরত মানুষদের জন্য Medicaid বাই-ইন কার্যক্রমে (Medicaid Buy-In Program for Working People with Disabilities) রয়েছি, এবং আমি COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতির সময়ে আমার কাজ হারিয়েছি। COVID-19 জনস্বাস্থ্য আপৎকালীন পরিস্থিতি সমাপ্ত হওয়ার পরে আমি কি আমার Medicaid বিমা হারাব?

আপনি **প্রতিবন্ধকতাসহ কর্মরত মানুষদের জন্য Medicaid বাই-ইন কার্যক্রমে** এর অধীনে Medicaid বিমার জন্য যোগ্য থাকবেন, যতক্ষণ না LDSS অথবা HRA, নবীকরণের সময়ে আপনার Medicaid যোগ্যতা পুনর্নির্ধারণ করছে।

12. আমার নবীকরণ প্রক্রিয়াকৃত হওয়ার পরে যদি আমি Medicaid এর জন্য আর যোগ্য না হই তাহলে কি হয়?

আমরা চাই সকল যোগ্য নিউ ইয়র্করাই আচ্ছাদন পান এবং আচ্ছাদিত থাকুন। যদি আপনি আর Medicaid এর জন্য যোগ্য না থাকেন, অথবা যদি আপনার আবেদনপত্রটি অগ্রাহ্য করা হয়, তাহলে আপনি পাবেন:

- কখন আপনার Medicaid বিমা সমাপ্ত হবে সেই সম্পর্কে বিজ্ঞপ্তি।
- যদি আপনি মনে করেন যে বাতিলকরণের সিদ্ধান্তটি বেঠিক ছিল, তাহলে কীভাবে একটি আবেদন জমা করতে হবে তার উপর তথ্য, এবং
- অন্যান্য স্বাস্থ্য বিমা কার্যক্রমগুলির এবং কীভাবে NY রাজ্য স্বাস্থ্য বিভাগের (NY State of Health) মাধ্যমে সেই কার্যক্রমগুলির জন্য আবেদন করতে হবে সেই সম্পর্কে তথ্য। যারা যোগ্য তাদের জন্য আর্থিক সহায়তা উপলব্ধ।